



# বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)

BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)

সভাপতি  
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব  
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

স্মারক নং: বিএমএ/২০১৯/

তারিখ: ৩০-০৭- ২০১৯ খ্রিঃ

## প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী নিম্নোক্ত বিবৃতি প্রদান করেন:

ঢাকা মহানগরসহ দেশের বিভিন্ন এলাকায় ডেঙ্গু ভাইরাস জনিত জ্বরের প্রকোপ অন্যান্য বছরের তুলনায় ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। দেশের সরকারী বেসরকারী পর্যায়ে নিয়োজিত চিকিৎসকরা রোগীদের সুস্থ করে তুলতে দিন রাত অক্লান্ত পরিশ্রম করে চলেছেন, তাদেরকে বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। নানাবিধ সীমাবদ্ধতা সত্ত্বেও চিকিৎসকদের ঐকান্তিক প্রচেষ্টা ও দক্ষতায় ডেঙ্গুরোগী সনাক্ত করে প্রয়োজনীয় পরামর্শ ও চিকিৎসা সেবা প্রদানের ফলে এ রোগে আক্রান্তদের মধ্যে মৃত্যু ও মৃত্যু ঝুঁকি অনেকাংশে হ্রাস করা সম্ভবপর হয়েছে।

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন দেশের সকল চিকিৎসকের প্রতি বিশেষ আহবান জানাচ্ছে যে, আপনারা ডেঙ্গু ভাইরাসে আক্রান্ত রোগীকে চিকিৎসাসেবা প্রদানের পাশাপাশি এ রোগ প্রতিরোধে তাদের করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান করবেন যেন এ রোগের বিস্তার রোধ করা যায়। আসুন চিকিৎসক, স্বাস্থ্য কর্মী, সমাজসেবী ও জনসাধারণ সকলে মিলে এডিস মশার প্রজনন স্থল ধ্বংস করি, ডেঙ্গুজ্বর প্রতিরোধ করি।

বরাবর  
বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক

জনাব,  
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ টেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের জন্য অনুরোধসহ প্রেস বিজ্ঞপ্তিটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

ডা. মোহাম্মদ শেখ শহীদ উল্লাহ  
দপ্তর সম্পাদক  
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন